

## ১৩শ নির্বাচন বিজ্ঞপ্তি

বিজ্ঞান, কৃষি, প্রকৌশল, জীববিজ্ঞান, ভূ-বিজ্ঞান, ফিশারীজ, ভেটেরিনারী এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদ এর ২০২১-২০২২ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বি.এসসি.(সম্মান)/বি.ফার্ম.(সম্মান)/বি.এসসি.এজি./ডি.ভি.এম./বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ও পছন্দক্রম জমাদানকারী প্রার্থীদের মধ্য থেকে শূন্য আসনের ভিত্তিতে ১৩শ নির্বাচন ও অপেক্ষমান তালিকা প্রকাশ করা হল।

নির্বাচিত ভর্তিচ্ছুদের অদ্য ০৬-১১-২০২২ বৃহস্পতিবার বিকাল ০২:৩০টা থেকে রাত ৬:০০টার মধ্যে নিচে বর্ণিত পদ্ধতিতে ভর্তি প্রক্রিয়ার প্রাথমিক কাজ সম্পন্ন করে কাগজপত্র যাচাইয়ের জন্য কনফারেন্স রুম, বিজ্ঞান অনুষদ, কক্ষ নং ৪০১, কুদরাত-এ-খুদা একাডেমিক ভবনে উপস্থিত হতে হবে।

নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে না পারলে সি-ইউনিটে তাদের প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং সি-ইউনিটের অন্য কোন বিভাগেও ভর্তির সুযোগ থাকবে না। শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগের ভর্তি প্রক্রিয়া এর সমান্তরালে চলবে এবং এর জন্য পৃথক নোটিশ চলমান থাকবে।

ভর্তি সংক্রান্ত কোন সমস্যার জন্য অফিস চলাকালীন সময়ে (বিকাল ০২:৩০টা থেকে রাত ৬:০০টা) বিজ্ঞান অনুষদে যোগাযোগ করা যেতে পারে (ফোন: ০৭২১-৭১১১১৫, ০১৩০৩-২১০৩৩৬)। অনলাইন ভর্তি ফরম পূরণ সংক্রান্ত কারিগরি সমস্যার জন্য হেল্পলাইন ০১৭০৩-৮৯৯৯৭৩।

উল্লেখ্য যে, ০১ নভেম্বর ২০২২-এ প্রকাশিত সংশোধিত প্রক্রিয়া সংক্রান্ত বিজ্ঞপ্তি অনুযায়ী উপস্থিত প্রার্থীদের মধ্য থেকে শূন্য আসনের জন্য ছাত্র-ছাত্রীদের নির্বাচিত করা হয়েছে।

অবিজ্ঞান শাখা এবং শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগে বর্তমানে আসন খালি নাই। শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগ এবং কোটার ভর্তি প্রক্রিয়া এর সমান্তরালে চলবে এবং এর জন্য প্রয়োজন অনুসারে পৃথক নোটিশ চলমান থাকবে।

অনলাইন ভর্তির ওয়েবপেজে লগ-ইন করে অটো-মাইগ্রেশন পুরোপুরি বন্ধ (Stop automigration) অথবা এক বা একাধিক বিভাগে ট্রান্সফার বন্ধ করতে অপ্ট-আউট (Opt-out) করা যাবে। পরবর্তী নির্বাচনের সময় বিবেচিত হওয়ার জন্য ০৬-১১-২০২২ সন্ধ্যা ৭:০০টার পূর্বে এটি করতে হবে। এ ছাড়াও শূন্য আসনের জন্য অপেক্ষমান তালিকা থেকে নিম্নের সম্ভাব্য সময়সূচী অনুযায়ী মেধা ও পছন্দক্রম অনুসারে ভর্তির জন্য নির্বাচিতদের তালিকা প্রকাশ করা হবে।

তালিকা	প্রকাশের সম্ভাব্য তারিখ	ভর্তির সম্ভাব্য তারিখ ও সময়*
১৪শ নির্বাচন তালিকা	৭ নভেম্বর, ২০২২ অপরাহ্ন	৮ নভেম্বর, ২০২২, সকাল ৯টা-১১টা

\* এ সময়ের মধ্যে অনলাইন প্রক্রিয়া সম্পন্ন করলে দাপ্তরিক প্রক্রিয়ার জন্য সুযোগ পরের দিন থাকবে।

### ভর্তির সংক্ষিপ্ত প্রক্রিয়া নিম্নরূপ:

- ভর্তি ওয়েবপেজে প্রদত্ত পদ্ধতিতে ৫,৩৩০.০০ টাকা (পাঁচ হাজার তিনশত ত্রিশ টাকা মাত্র) জমা দিতে হবে। [টাকা জমা দেয়ার বিস্তারিত পদ্ধতি <http://admission.ru.ac.bd> থেকে জানা যাবে।]
- পরবর্তী পৃষ্ঠায় বর্ণিত পদ্ধতিতে অনুষদ উন্নয়ন ফি ১,০০০.০০ (এক হাজার) টাকা রকেটের মাধ্যমে প্রদান করতে হবে।
- অনলাইনে <http://admission.ru.ac.bd>-তে (০৬-১১-২০২২ বিকাল ২:৩০টা থেকে) ভর্তি ফরম পূরণ করতে হবে। অনলাইনে পূরণকৃত ফরমটি তিন কপি প্রিন্ট নিতে হবে।
- ভর্তির দিনগুলোতে বিকাল ০২:৩০টা থেকে রাত ৬:০০টার মধ্যে নিম্নের কাগজপত্রগুলি নিয়ে কনফারেন্স রুম, বিজ্ঞান অনুষদ, কক্ষ নং ৪০১, কুদরাত-এ-খুদা একাডেমিক ভবনে উপস্থিত হয়ে কাগজপত্র যাচাই প্রক্রিয়া সম্পন্ন করতে হবে:
  - পূরণকৃত ভর্তি ফরমের তিন কপি প্রিন্ট - স্বাক্ষরিত [দুই কপি জমা দিতে হবে]
  - এস.এস.সি./সম্মান ও এইচ.এস.সি./সম্মান এর মূল মার্কস সার্টিফিকেট [জমা দিতে হবে]
  - ভর্তি পরীক্ষার প্রবেশপত্র [জমা দিতে হবে]
  - এইচ.এস.সি. পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড [দেখাতে হবে]
  - অনুষদ ফি প্রদানের প্রমাণ হিসেবে Transaction ID সহ একটি প্রিন্টআউট [জমা দিতে হবে]
- কাগজপত্র সন্তোষজনক হলে উপরের তালিকা অনুযায়ী কাগজপত্র জমা দিলে ভর্তি প্রক্রিয়া শেষ হবে।

প্রকাশিত ফলাফলে কোন ভুলত্রুটি গোচরীভূত হলে তা সংশোধন করার ক্ষমতা বিশ্ববিদ্যালয় / সি ইউনিট কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

০৬ নভেম্বর ২০২২

(প্রফেসর ড. মো. সাহেদ জামান)

চীফ কো-অর্ডিনেটর

১ম বর্ষ ২০২১-২০২২ শিক্ষাবর্ষ সি-ইউনিট ভর্তি পরীক্ষা কমিটি

ও ডীন, বিজ্ঞান অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়

ডাচ্ বাংলা মোবাইল ব্যাংকিং রকেট একাউন্ট হতে রাজশাহী বিশ্ববিদ্যালয়  
সি-ইউনিটের অনুষদ উন্নয়ন ফি পরিশোধের পদ্ধতি

Rocket App-এর মাধ্যমে

১. রকেট App-এ Login করুন।
২. Bill Pay অপশনে প্রবেশ করুন।
৩. সার্চ অপশনে বিলার আইডি **4388** বা **Dean, Faculty of Science (RU)** টাইপ করুন।
৪. বিল নম্বরের স্থলে ছাত্র/ছাত্রীর ভর্তি পরীক্ষার রোল নাম্বার অথবা ভর্তির বিল নম্বর দিন।
৫. টাকার পরিমাণ (**1000**) টাইপ করে Submit ট্যাপ করুন।
৬. আপনার রকেট নাম্বারের গোপন পিন নাম্বার টাইপ করুন।

বিশেষ দৃষ্টব্য

- পরিশোধের অংকের উপর ১% চার্জ প্রযোজ্য হবে।
- রাজশাহী বিশ্ববিদ্যালয় সি-ইউনিটের অনুষদ উন্নয়ন ফি পরিশোধের Transaction ID সহ প্রিন্টআউট জমা দিতে হবে।